যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫২৬

১/ বিবিধ

আরবী

ما عمل آدمي من عمل يوم النحر أحب إلى الله من إرهاق الدم، إنه ليأتي يوم القيامة بقرونها وأشعارها وأظلافها، وإن الدم ليقع من الله بمكان قبل أن يقع على الأرض، فطيبوا بها نفسا

ضعيف

أخرجه الترمذي (2 / 352) وابن ماجة (2 / 272) والحاكم (4 /221 ـ 222) والبغوي في " شرح السنة " (1 / 129 / 1) من طريق أبي المثنى سليمان بن يزيد عن هشام بن عروة عن أبيه عن عائشة مرفوعا. قلت: وحسنه الترمذي وقال الحاكم: " صحيح الإسناد "! فتعقبه الذهبي بقوله: " قلت: سليمان واه، وبعضهم تركه ". وكذلك تعقبه المنذري في " الترغيب " (2 / 101) فقال: " رووه كلهم من طريق أبي المثنى وهو واه وقد وثق ". وقال البغوي عقبه: " ضعفه أبو حاتم جدا

বাংলা

৫২৬। ঈদুল আযহার দিবসে রক্ত প্রবাহিত করার চেয়ে আল্লাহর নিকট অতি পছন্দনীয় মানুষের আর কোন আমল নেই। কারণ সে কিয়ামত দিবসে তার শিং, তার পশম এবং তার খুরগুলো নিয়ে উঠবে। আর রক্ত যমীনে পতিত হওয়ার পূর্বেই আল্লাহর মনোনীত এক স্থানে পতিত হবে। অতএব তোমরা তা দ্বারা আত্মাকে পবিত্র কর।

হাদীছটি দুর্বল।

এটি ইমাম তিরমিয়ী (২/৩৫২), ইবনু মাজাহ (২/২৭২), হাকিম (৪/২২১-২২২) এবং বাগাবী "শারহুস সুন্নাহ" (১/১২৯/১) গ্রন্থে আবুল মুসান্না সুলায়মান ইবনু ইয়াযীদ সূত্রে হিশাম ইবনু উরওয়াহ হতে ... আয়েশা (রাঃ) হতে

মারফু হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীছটিকে ইমাম তিরমিয়ী হাসান আখ্যা দিয়েছেন আর হাকিম বলেছেনঃ সনদটি সহীহ! এ কারণে হাফিয যাহাবী তার সমালোচনা করে বলেছেনঃ সুলায়মান দুর্বল, কেউ কেউ তাকে পরিত্যাগ করেছেন (গ্রহণ করেননি)।

অনুরূপভাবে মুনযেরীও "আত-তারগীব" (২/১০১) গ্রন্থে তার সমালোচনা করে বলেছেনঃ তারা সকলেই আবুল মুসান্না সূত্রে বর্ণনা করেছেন অথচ তিনি দুর্বল যদিও তাকে কেউ কেউ নির্ভরযোগ্য বলেছেন। বাগাবী হাদীছটির শেষে বলেছেনঃ তাকে আবূ হাতিম নিতান্তই দুর্বল আখ্যা দিয়েছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71405

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন